বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন
বিটিএমসি ভবন
৭-৯, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

সূত্র নং-২৪.০৩.০০০০.১০১.৫৫.১০৬.২৩.৭৮ তারিখঃ ২০-০৪-১৪৩৩ বঙ্গাব্দ
০৪-০৮-২০২৬ খ্রিষ্টাব্দ

# চিত্তরঞ্জন কটন মিলে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের লক্ষ্যে
# শিল্প প্লট বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন (বিটিএমসি), বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা এর নিয়ন্ত্রণাধীন চিত্তরঞ্জন কটন মিলে চিত্তরঞ্জন টেক্সটাইল পল্লী স্থাপনের নিমিত্ত বিভিন্ন সাইজের কয়েকটি শিল্প প্লট 'যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে' বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান ও দেশী/বিদেশী বিনিয়োগকারীদের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। গোদনাইল এলাকায় বাণিজ্যিক ভূমি শ্রেণীর প্রতি শতাংশ জমির মৌজা দর ৮,০৩,৫৫২/- টাকা।

দরপত্র সিডিউল প্রতি সেট ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র (অফেরৎযোগ্য) মূল্যে (১) প্রশাসন-২ অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-৭১৭ ভবন নং-৬ (৮ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) প্রধান হিসাব রক্ষক, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন, বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা (৩) চিত্তরঞ্জন কটন মিলস্, গোদনাইল, নারায়ণগঞ্জ এবং (৪) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর দপ্তর হতে প্রতি দিন অফিস চলাকালীন সময়ে ০৬-০৯-২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে।

দরপত্র (১) প্রশাসন-২ অধিশাখা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, কক্ষ নং-৭১৭ ভবন নং-৬ (৮ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা (২) উন্নয়ন বিভাগ, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন, বিটিএমসি ভবন (৩য় তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা (৩) চিত্তরঞ্জন কটন মিলস্, গোদনাইল, নারায়ণগঞ্জে (৪) জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিলের শেষ সময় ০৭-০৯-২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকা। একই দিনে বেলা ১২-৩০ ঘটিকায় উল্লেখিত সকল স্থানেই উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে এবং ০৮-০৯-২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১২-০০ ঘটিকায় বিটিএমসি ভবন, ২য় তলা, বোর্ড কক্ষে উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) সীলমোহরকৃত দরপত্র খাম খোলা হবে।

দরপত্রের সঙ্গে জামানত হিসাবে উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) অর্থ বিটিএমসি'র অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। প্রবাসী বাংলাদেশী বিনিয়োগকারীগণ অথবা তাদের বৈধ প্রতিনিধিগণ দরপত্র দাখিল করতে পারবেন। দরপত্রের বিস্তারিত শর্তাবলী ও তফসিল দরপত্রের সিডিউলের সঙ্গে পাওয়া যাবে। যথাযথ জামানত ছাড়া দরপত্র প্রস্তাব দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে।

বিটিএমসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ এবং যে কোন বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৪/৮/২৬

(কাজী ফিরোজ হোসেন)
মুখ্য পরিচালন কর্মকর্তা
বিটিএমসি, ঢাকা।